



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণসুরমা, সিলেট।

e-mail: sbcontroller16@gmail.com

স্মারক নং : সিশিবো/পরীক্ষা/উমা/২০২৬/১০৯১

তারিখ : ২৬ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
১০ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয় : আগামী ১১/০৭/২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (বিষয় কোড-২৭৫)
বিষয়ের পরীক্ষাসহ অন্যান্য সকল বিষয়ের পরীক্ষা চলমান থাকা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢল, অতিবৃষ্টি ও বৈরি আবহাওয়ার কারণে সিলেট বিভাগের বিভিন্ন উপজেলায় বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে মর্মে বিভিন্ন সংবাদ মাধ্যমে খবর পাওয়ার পর সিলেট বিভাগের ০৪ (চার) জেলা প্রশাসকগণ-কে তাঁর আওতাধীন বিভিন্ন উপজেলার কেন্দ্রসমূহের বন্যা পরিস্থিতির বিষয়ে অবহিত হয়ে চলমান এইচএসসি পরীক্ষা আগামী ১১/০৭/২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের পরীক্ষা গ্রহণ বিষয়ে জরুরী ভিত্তিতে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে সিলেট বিভাগের আওতাধীন ০৪ (চার) জেলার জেলা প্রশাসক মহোদয়গণ চলমান এইচএসসি পরীক্ষা গ্রহণে আপাততঃ কোন সমস্যা হবেনা মর্মে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করেছেন।

এমতাবস্থায়, আগামী ১১/০৭/২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (বিষয় কোড-২৭৫) বিষয়ের পরীক্ষাসহ অন্যান্য সকল বিষয়ের পরীক্ষা যথারীতি চলমান থাকবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


১০.০৭.২০২৬

(প্রফেসর বিলকিস ইয়াছমীন)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল)

সিলেট শিক্ষা বোর্ডের আওতাধীন সকল এইচএসসি পরীক্ষা কেন্দ্র।
এইচএসসি পরীক্ষা-২০২৬।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রদান করা হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩. জেলা প্রশাসক, সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ।
৪. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আই.সি.টি), সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ।
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
৭. সংরক্ষণ কপি।